

- তা'তে লাগবে না তোর আর কোন কাজ, কেবল সেই
পদে তুই নে শরণ ।
- ৩। যদি ছেলের স্বভাব পেতে চা'স, সেজে দুখের ছেলে
উঠ্গে কোলে, বাবার পাতে খাস;
তা'তে সুখের দেখা পাস্ না পাস্, তা'তে মিলবে
শান্তির সিংহাসন ।
- ৪। আনন্দে কর্গে বাবার নাম তাঁর নাম স্মরণে জগৎ বাধ্য
মিলবে মোক্ষধাম;
বাবার কোলেতে রয় কতই আরাম, কোল ছেড়ে
নামিসনে তুই আর কখন ॥
- ৫। গোপালচাঁদের প্রেমের ভারতী, জগৎ পিতা গুরুচাঁদ
মোর অগতির গতি;
মহানন্দ পা'বি কিসে গতি, বাবার নাম কর্লি না তুই
উচ্চারণ ॥
---মহানন্দ হালদার



৬৮ নং

তাল—একতালা

- কেন মায়া রসে রইলি ভুলে হোল না তোর হরিবোলা ।
ও তোর দেখে শুনে হয় না মনে দিনে দিনে ডুবল বেলা ॥
- ১। মন তুমি কার কেবা তোমার করে বল আমার আমার,